মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তথ্য মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের উপর নভেম্বর ২০১৫ মাস পর্যন্ত অগ্রগতির প্রতিবেদন।

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(ক)	সরকারের প্রচার কাজে মূল সমন্বয়কারী হিসেবে তথ্য মন্ত্রণালয়ের বাজেট বৃদ্ধি করা প্রয়োজন;	মন্ত্রণালয়ের বাজেট বৃদ্ধির অংশ হিসেবে ২০১৪-১৫ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত আরও ৫৩টি কোটি টাকার প্রকল্প প্রস্তাবনা তৈরি করে তা অনুমোদনের জন্য ইতোমধ্যে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে অর্থ বছর শেষ হয়ে যাওয়ায় নতুন করে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব প্রক্রিয়াকরণ করা হচ্ছে। ৬টি তথ্য কমপ্লেক্স নির্মাণ প্রকল্পসহ নতুন নতুন প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	পরিকল্পনা অধিশাখা, বাজেট ও মনিটরিং সেল, তথ্য মন্ত্রণালয়।
(খ)	সংসদ টিভি-তে সংসদ চলাকালীন সময় ব্যতিত অন্য সময় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাসসহ শিক্ষামূলক, উন্নয়নমূলক ও উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা নিতে হবে। সংসদ বাংলাদেশ চ্যানেল ও বিটিভি সময় ভাগাভাগি করে স্ব স্ব প্রতিষ্ঠানের অনুষ্ঠান সম্প্রচার করবে;	ক) উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠান সপ্তাহে ০৬ (ছয়) দিন (শনিবার থেকে বৃহস্পতিবার) সকাল ০৭-৩০ টায় এবং শ্রেণীকক্ষে পাঠদান অনুষ্ঠান সপ্তাহে ০৫ (পাঁচ) দিন (রবিবার থেকে বৃহস্পতিবার) সকাল ০৯-১০ টায় সম্প্রচার করা হতো। জুলাই ২০১৫ মাস থেকে শ্রেণীকক্ষে পাঠদান অনুষ্ঠানটি প্রচার স্থগিত করা হয়েছে। খ) সংসদ টিভিতে সংসদ চলাকালীন সময় ব্যতীত অনুষ্ঠান প্রচার করা বিষয়ে একটি সুচিন্তিত কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের নিমিত্ত বিটিভির ২৩.০৫.২০১৫ তারিখের আধা-সরকারি পত্রের প্রেক্ষিতে জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৩.০৭.২০১৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভায় অনুষ্ঠান নির্মাণের বিষয়বস্তু নির্ধারণ, প্রচার সময় বৃদ্ধি, অনুষ্ঠানের মান উন্নয়ন ইত্যাদি বিষয়ে নির্দেশনা/পরামর্শ প্রদানের জন্য মাননীয় চীফ হুইপকে আহ্বায়ক করে ০৭(সাত) সদস্য বিশিষ্ট অনুষ্ঠান ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়। গ) এছাড়া, সংসদ বাংলাদেশ টেলিভিশনের নিজস্ব বিষয়বস্তু ধারণ করে নির্মিতব্য অনুষ্ঠানের রূপরেখা তুলে ধরা হয়। যার মধ্যে উল্লেখযোগ্য হলো : (১) সংসদ ভবন নির্মাণের ইতিবৃত্ত। (২) লুই আই কানের নকশা ও সাম্প্রতিক সংগ্রহ। (৩) সংসদ ভবনের বাইরের এলাকা ও ভিতরের চিত্র। (৪) গণপরিষদ থেকে শুরু করে ১ম-১০ম সংসদের গঠন ও ক্রমবিবর্তন। (৫) বাজেট প্রস্তুত প্রণালী। (৬) শিশুদের জন্য সংসদ। (৭) সংসদ কড়চা। (৮) সংসদ বিষয়ক আন্তর্জাতিক বিভিন্ন ফোরাম যেমন সিপিএ, আইপিইউ, এপিএ, পিইউআসি ইত্যাদি। (৯) বিভিন্ন দেশের সংসদ নিয়ে নির্মিত অনুষ্ঠান। (১০) সংসদীয় কমিটিসমূহ। (১১) আইন প্রণয়ন প্রক্রিয়া। (১২) জনতার আদালত (জেলাভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের নিয়ে প্রশ্নোত্তর ভিত্তিক)। (১৩) সংসদ পরিচিতি। (১৪) সংসদ বিচিত্রা বিষয়ক অনুষ্ঠানসমূহ। সুনির্দিষ্ট অনুষ্ঠানসূচী অন্তর্ভুক্ত করে সংসদ বাংলাদেশ টেলিভিশন গাইড প্রণয়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে কমিটি প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করেছে। তবে কমিটির সুপারিশ এখন পর্যন্ত পাওয়া যায়নি।	বাংলাদেশ টেলিভিশন
(গ)	অবিলম্বে বাংলাদেশ টেলিভিশনের জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে;	(ক) বিটিভির ০১.০৪.২০১৪ তারিখে ২৩টি, ০১.১০.২০১৪ তারিখে ০১টি, ০৫.০১.২০১৫ তারিখে ০২টি এবং ১০.০৬.২০১৫ তারিখের প্রস্তাবে ০২টি সহ মোট ২৮টি ১ম শ্রেণীর পদে সরাসরি নিয়োগের জন্য সরকারি কর্মকমিশনে ০৬.১২.২০১৫ তারিখ হতে মৌখিক পরীক্ষা আরম্ভ হয়েছে। এছাড়া, ২য় শ্রেণীর ১৫টি পদে সরাসরি নিয়োগের জন্য সরকারি কর্মকমিশনে রিকুইজিশন দেয়া হয়েছে। (খ) অপরদিকে ২১.০৪.২০১৪ তারিখে ০২টি ক্যাটাগরির ০৫টি, ২২.১০.২০১৪ তারিখে ০১টি, ২৯.০১.২০১৫ তারিখে ০২টি ও ২৪.০৩.২০১৫ তারিখের প্রস্তাবে ০২টি সহ মোট ১০টি ১ম শ্রেণীর পদে পদোন্নতির প্রস্তাব সরকারি কর্মকমিশনে প্রেরণ করা হয়। এর মধ্যে ০২টি পদে নিয়োগবিধি সংশোধনের পর প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। ০৬টি পদে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং ০২টি পদে পদোন্নতির প্রস্তাব পিএসসিতে প্রক্রিয়াধীন আছে। (গ) উল্লেখ্য, সরকারি কর্ম কমিশন কর্তৃক ০৭.০৫.২০১৪ তারিখে ১ম শ্রেণীর ১৫টি ও ২য় শ্রেণীর ০২টি সহ মোট ১৭টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে এবং গত ২৪.০৪.২০১৫ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মে ২০১৫ মাসে ১ম শ্রেণীর ০৩টি পদে সরকারি কর্মকমিশনের সুপারিশ অনুযায়ী ০৩জন কর্মকর্তা চাকরিতে যোগদান করেছেন। (ঘ) ১ম ও ২য় শ্রেণীর শূন্য পদে ফিডারের কর্মকর্তাদের চাকুরি মেয়াদ পূর্তি সাপেক্ষে যথানিয়ম ও ধারাবাহিকভাবে পদোন্নতি কোটার পদ পূরণ করা হচ্ছে। এর ধারাবাহিকতায় ০৬.০৭.২০১৫ তারিখের ২৩০০ সংখ্যক পত্রে ০১টি, ০১.১১.২০১৫ তারিখের ৩৮৪৪ সংখ্যক পত্রে ০৪টি ২য় শ্রেণীর পদে এবং ১৮.১১.২০১৫ তারিখের ৪১৪১ সংখ্যক পত্রে ১ম শ্রেণীর পদে পদোন্নতির বিষয়ে পিএসসির সুপারিশের জন্য প্রস্তাব প্রেরণ করা হযেছে।	বাংলাদেশ টেলিভিশন

মোঃ ইব্রাহিম খলিল
যুগ্ম-সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		(ঙ) ডিসেম্বর ২০১৪ মাসে বিটিভির সাংগঠনিক কাঠামোতে অস্থায়ীভাবে সৃষ্ট নতুন ৫৫টি পদ থেকে এপ্রিল ২০১৫ মাসে ৩য় শ্রেণীর ০৩টি পদে ০৩ জন-কে এবং স্থায়ী পদ থেকে ১৮ জন কর্মচারীকে ৩য় ও ৪র্থ শ্রেণীর অস্থায়ী পদে পদোন্নতি দেয়া হয়েছে। এছাড়া, ১ম শ্রেণীর ০৪টি অস্থায়ী পদে ডিপিসি কমিটির সুপারিশ অনুযায়ী ১৬.০৬.২০১৫ তারিখের ২৬৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ০৪জনকে পদোন্নতি দেয়া হয়েছে। অপরদিকে অস্থায়ী ১৮টি শূন্য পদে সরাসরি কোটায় নিয়োগের নিমিত্ত তথ্য মন্ত্রণালয়ের ১৭.০৬.২০১৫ তারিখের ছাড়পত্র অনুযায়ী ১ম শ্রেণীর ০৪টি পদে সরাসরি নিয়োগের নিমিত্ত ১৩.০৭.২০১৫ তারিখের ২৩৫৯ সংখ্যক পত্রে সরকারি কর্ম কমিশনের সুপারিশের জন্য প্রেরণ করা হয় যা বর্তমানে পিএসসিতে কার্যক্রমাধীন আছে। ৩য় ও ৪র্থ শ্রেণীর ১৪টি অস্থায়ী পদ পূরণের জন্য ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে আবেদনপত্র গ্রহণ শেষ করা হয়েছে। নিয়োগ কমিটির সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। (চ) মুক্তিযোদ্ধা কোটায় শূন্য পদে নিয়োগের জন্য গত ১২.০৯.২০১৪ তারিখে পত্রিকায় প্রকাশিত পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ১২টি পদে আবেদনকৃত প্রার্থীদের ০২.০৫.২০১৫ তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে বিভাগীয় নির্বাচন কমিটি ০৬জন প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ চূড়ান্ত করে। মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে সনদ যাচাইয়ের রিপোর্ট পাওয়ার পর নিয়োগ পত্র জারী করা হবে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। (ছ) রাজস্বখাতের বিদ্যমান ৩য় শ্রেণীর ৫৮টি ও ৪র্থ শ্রেণীর ৫১টি শূন্য পদে নিয়োগের জন্য তথ্য মন্ত্রণালয়ের ১৯.০৪.২০১৫ তারিখের ছাড়পত্রের ভিত্তিতে জুন ২০১৫ মাসে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং ০৭.০৭.২০১৫ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ শেষে উপ-কমিটি কর্তৃক যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিভাগীয় নিয়োগ কমিটির ১৯.১১.২০১৫ তারিখের সভায় আগামী ১৯.১২.২০১৫ ও ০১.০১.২০১৬ তারিখে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে প্রার্থীদের বরাবরে পরীক্ষার প্রবেশপত্র ছাড়ার কাজ চলছে।	
(ঘ)	খুলনা, রাজশাহী, রংপুর ও সিলেটের সাথে অন্য বিভাগীয় শহর বরিশালেও বিটিভির স্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে;	**পাঁচ বিভাগীয় শহরে টিভি কেন্দ্র নির্মাণের কার্যক্রম:** বিগত বছরগুলিতে রংপুর, রাজশাহী, খুলনা ও সিলেটে পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র নির্মাণের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচীর সবুজ পাতায় অন্তর্ভুক্ত ছিল। কিন্তু ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিতে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ৩২১ নং (পৃষ্ঠা-৭৫৭) ০৫টি বিভাগীয় শহরকে একীভূত করে Establishment of Full Fledged 05 (Five) Tv Station of Bangladesh Television শীর্ষক উন্নয়ন প্রকল্প নামে অন্তর্ভুক্ত করা হয়েছে। ০৫টি বিভাগীয় শহর যথা: রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল এবং সিলেটে পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র নির্মাণের জন্য ALIT ও DRFT চীন এর সাথে বাংলাদেশ টেলিভিশনের ১৮.০৯.২০১৪ তারিখে সমঝোতা স্মারক (MOU) সম্পাদিত হয়। তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন অনুযায়ী ২০.১১.২০১৫ তারিখে উক্ত প্রতিষ্ঠানের সাথে বিটিভির Commercial (Provesional) Contract স্বাক্ষর করা হয়েছে। চুক্তি মূল্য ১২৫,১২১,১৩১.০০ ইউ এস ডলার (একশত পঁচিশ মিলিয়ন একশত একুশ হাজার একশত একত্রিশ)। মন্ত্রণালয়ে বিষয়টি যাচাই-বাছাই করা হচ্ছে। সর্বশেষ ৬.১২.২০১৫ তারিখে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।	বাংলাদেশ টেলিভিশন
(ঙ)	বিটিভি ওয়ার্ল্ড চ্যানেলের যথাযথ ব্যবহারের জন্য প্রয়োজনীয় কর্মপন্থা গ্রহণ করতে হবে;	বিটিভি ওয়ার্ল্ড চ্যানেল যথাযথ ব্যবহারের নিমিত্ত গত ২৫.০২.২০১৫ এবং ১৪.১০.২০১৫ তারিখে বিটিভির সকল শাখার সমন্বয়ে মহাপরিচালক এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: ক) বিটিভি ওয়ার্ল্ডের পৃথক অনুষ্ঠান প্রচারের কিউসীট তৈরির জন্য পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা)-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। শীঘ্রই কিউসীট চূড়ান্ত করা হবে; খ) বিটিভি ওয়ার্ল্ডের জন্য প্রতিদিন কমপক্ষে ১/২ ঘন্টার অনুষ্ঠান নির্মাণের নিমিত্ত বিভিন্ন শাখা থেকে ন্যূনতম জনবলের প্রস্তাব প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ জনানো হয়েছে ; গ) বিটিভি ওয়ার্ল্ডের স্টুডিও যন্ত্রপাতির বাজেট প্রাক্কলন প্রদানের জন্য প্রকৌশল শাখাকে অনুরোধ জানানো হয়েছে ; ঘ) বিটিভি ওয়ার্ল্ডের জন্য বিজ্ঞাপন রেট নির্ধারণ করা থাকলেও নতুন অনুষ্ঠান প্রচার না হওয়ায় বিজ্ঞাপন সংগ্রহ করা যাচ্ছে না। নতুন অনুষ্ঠান প্রচার করা শুরু করা হলে বিজ্ঞাপন সংগ্রহ করার জন্য পরিচালক (বিজ্ঞাপন)কে নির্দেশ প্রদান করা হয়েছে। ঙ) বিটিভি ওয়ার্ল্ডের অনুষ্ঠান দর্শকদের আকৃষ্ট করার জন্য রাত ১০:৩০ থেকে ১১:০০ টা পর্যন্ত লাইভ সঙ্গীত অনুষ্ঠান প্রচারের সিদ্ধান্ত হয় ; চ) উল্লিখিত সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গ্রহণপূর্বক বিটিভি ওয়ার্ল্ডের জন্য সুনির্দিষ্ট কর্মপন্থা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এছাড়া বিটিভি ওয়ার্ল্ডের জন্য পৃথক জনবলের চাহিদা আধুনিকায়নের সার্বিক প্রস্তাবনায় সন্নিবেশ	বাংলাদেশ টেলি ভিশন

মোঃ ইব্রাহীম খলিল
যুগ্ম-সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্রমিক	সিদ্ধান্ত/নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		করে মন্ত্রণালয়ে প্রেরণের কাজ চলছে।	
(চ)	বিটিভি ও বাংলাদেশ বেতার এর শিল্পী সম্মানী বাজার অনুযায়ী সম্মানজনকভাবে বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে;	বাংলাদেশ বেতারের **''প্রস্তাবিত শিল্পী সম্মানী কাঠামো-২০১৫''** অনুমোদনের জন্য তথ্য মন্ত্রণালয় বেতার-২ অধিশাখার ০৮ অক্টোবর ২০১৫ তারিখের ১৫.০০.০০০০. ০২২.৩১.০১৭.১৪.৪০৯ নং পত্রের মাধ্যমে সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। বর্ণিত অবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পীদের ''শিল্পী সম্মানী কাঠামো-২০১৫'' অনুমোদনের বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় তথ্য মন্ত্রণালয় কর্তৃক অর্থ মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।	বাংলাদেশ বেতার
		এপ্রিল ২০১৪ মাসে বিটিভির শিল্পী সম্মানী ৫০% বৃদ্ধি করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী বিষয়টি যাচাই-বাছাই করে আরো ৩৩.৩৩% সম্মানী বৃদ্ধির জন্য বিটিভির ২১.০৯.২০১৪ তারিখের ২৮৪২ নং স্মারক পত্রে তথ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। এ বিষয়ে তথ্য মন্ত্রণালয়ে ২৮.১২.২০১৪ তারিখে অনুষ্ঠিত সভায় অনুষ্ঠান শাখার শিল্পী সম্মানী বৃদ্ধির প্রস্তাব গ্রহণ করা যায় মর্মে সুপারিশ করা হয়। এ বিষয়ে অর্থ বিভাগের সম্মতির জন্য ০১.০৩.২০১৫ তারিখের ১৭২ সংখ্যক পত্র এবং ০৩.০৩.২০১৫ তারিখের ১৮৪ সংখ্যক পত্রে তথ্য মন্ত্রণালয় থেকে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে ২২.০৩.২০১৫ তারিখে, ১৪.০৫.২০১৫ ও ২৪.০৬.২০১৫ তারিখের ০৩টি পত্রে যথাক্রমে ৩৯২, ৩৯৩ ও ৫৯২ সংখ্যক পত্রে তথ্য মন্ত্রণালয় থেকে পুনরায় তাগিদপত্র দেয়া হয়েছে। এখনো অনুমোদন পাওয়া যায়নি। তবে জাতীয় বেতনস্কেলের জি,ও জারীর পর আর্থিক সামঞ্জস্য বজায় রাখার নিমিত্ত শিল্পী সম্মানী আরো বৃদ্ধির একটি প্রস্তাবনা নিয়ে কাজ চলছে যা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	বাংলাদেশ টেলিভিশন
(ছ)	জাতীয় টেলিভিশন পুরস্কার প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে;	টেলিভিশনের অনুষ্ঠানে স্ব-স্ব ক্ষেত্রে অনবদ্য অবদান রাখার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে পুরস্কৃত করার নিমিত্ত জাতীয় টেলিভিশন পুরস্কার প্রবর্তনের একটি খসড়া নীতিমালা প্রণয়ন করে বিটিভির ০৯.০৮.২০১৫ তারিখের ২৫৮২ সংখ্যক পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। এ বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের ০৪.১০.২০১৫ তারিখের ৮০৬ সংখ্যক অফিস আদেশে অতিরিক্ত সচিব (সম্প্রচার)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। প্রস্তাবিত নীতিমালার অনুমোদন এখনো পাওয়া যায়নি।	বাংলাদেশ টেলিভিশন
(জ)	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরা ক্রয় কার্যক্রম তরান্বিত করতে হবে। অত্যাধুনিক, বহনযোগ্য এবং ডিজিটাল ক্যামেরা ক্রয় করতে হবে;	৩টি ডিজিটাল ক্যামেরার মধ্যে ২টি ক্যামেরা ক্রয় করা হয়েছে। বাকি একটি ক্যামেরা ক্রয়ের জন্য স্পেসিফিকেশন চূড়ান্ত করা হয়েছে। ডিসেম্বর-২০১৫ মাসের মধ্যে দরপত্র আহবান করার প্রক্রিয়া চলমান আছে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
(ঝ)	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে ডিজিটাল চলচ্চিত্র নির্মাণের জন্য যন্ত্রপাতি ও সামগ্রি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে;	১১) চলচ্চিত্র উৎপাদন ব্যবস্থা ডিজিটাইজেশনের লক্ষ্যে "Introduction of Digital Technology in place of the existing outdated production technology for DFP" শীর্ষক প্রকল্পটি পরিকল্পনা কমিশনের পিইসি সভায় ০৩-১২-২০১৫ তারিখে আলোচিত হয়েছে। প্রস্তাবের কয়েকটি বিষয় সংশোধন করে পুনরায় প্রস্তাবটি প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়েছে। ২) একটি ডিজিটাল পোস্ট প্রোডাকশন ইউনিট স্থাপনের প্রক্রিয়াও চলমান আছে।	
(ঞ)	নবগঠিত চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামো ও প্রবিধানমালা দ্রুত অনুমোদনের বিষয়টি তরান্বিত করতে হবে;	১) সাংগঠনিক কাঠামো অনুমোদনের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। ১৮.৮.২০১৪ এবং ১৮.০২.২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এর সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা অনুমোদনের বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য ২৬.০৫.২০১৫ প্রস্তাব প্রেরণ করা হলে অর্থ বিভাগ নির্ধারিত ছকে তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছে। উক্ত তথ্য প্রেরণের জন্য বিসিটিআইকে পত্র দেয়া হয়েছে। বিসিটিইআই থেকে ০২.৯.২০১৫ তারিখে তথ্যাদি পাওয়ার পর ০৯.৯.২০১৫ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২) প্রবিধানমালা অনুমোদনের জন্য সাংগঠনিক কাঠামো অনুমোদনের শর্ত রয়েছে।	বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
(ট)	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নতুন সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন তরান্বিত করতে হবে;	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান (৩৯+০৯)=৪৮টি পদ বহাল রেখে আরও ৬৮টি নতুন পদ সৃজনসহ ১১৬টি জনবল অন্তর্ভুক্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫/০৫/২০১৫ তারিখের পত্র নং-০৫.১৫৮.০১৫.০২.০১.০০৬.১৯৯৪ (অংশ-১)-১৯০ মোতাবেক প্রয়োজনীয় অনুমোদন প্রদান করা হয়েছে। তাছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০১টি মাইক্রোবাস, ০১টি জীপ/পিকআপ, ০১টি মটর সাইকেল (০৩টি যানবাহন) এবং প্রকল্পের আওতায় সংগৃহীত অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি অন্তর্ভুক্তকরণের সম্মতি প্রদান করে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

মোঃ ইব্রাহিম খলিল
যুগ্ম-সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার